

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭০৫

১/ বিবিধ

আরবী

من لزم الاستغفار جعل الله له من كل هم فرجا، ومن كل ضيق مخرجا، وورقه من حيث لا يحتسب".  
ضعيف

رواه ابن نصر في " قيام الليل " (38) والطبراني (3 / 92 / 1) وابن عساكر (4 / 296 / 1) عن الحكم بن مصعب: حدثني محمد بن علي بن عبد الله بن عباس عن أبيه عن جده مرفوعا

ومن هذا الوجه رواه أبو داود (1518) والنسائي في " عمل اليوم والليلة " كما في ترمذة الحكم هذا من " التهذيب " والحاكم (4 / 226) وأحمد (1 / 248) وابن السني (358) وأبو محمد الحسن بن محمد بن إبراهيم في " أحاديث منتقاة " (2 / 145) والبيهقي (3 / 351)

قلت: وسنده ضعيف، الحكم بن مصعب مجهول كما قال الحافظ في " التقريب فقول صاحب التاج (5 / 185): " سنده صحيح " غير صحيح ولعله اغتر برمز السيوطي له بالصحة في " الجامع "، وقول الحاكم: " صحيح الإسناد! " وغفل أو تغافل عن تعقب المناوي للسيوطي بنحو ما ذكرنا، وعن تعقب الذهبي للحاكم بقوله " قلت الحكم: فيه جهالة " وكذا قال في " المهذب " (ق 2 / 128) أيضا وأخرجه ابن ماجه (3819) من هذا الوجه، إلا أنه لم يذكر " عن أبيه

৭০৫। যে ব্যক্তি সর্বদা ক্ষমা প্রার্থনা করবে, আল্লাহ তা'আলা তাকে প্রতিটি চিন্তা হতে মুক্ত করে দিবেন, প্রতিটি সংকীর্ণতা হতে তার বেরিয়ে আসার পথ তৈরি করে দিবেন এবং তাকে বেহিসাব রিয্ক দান করবেন।

হাদীছটি দুর্বল।

এটিকে ইবনু নাসর “কিয়ামুল লাইল” (৩৮) গ্রন্থে, তাবারানী (৩/৯২/১) এবং ইবনু আসাকির (৪/২৯৬/১) হাকাম ইবনু মুসআব হতে তিনি মুহাম্মাদ ইবনু আলী হতে তিনি তার পিতা হতে ... বর্ণনা করেছেন। একই সূত্রে আবু দাউদ (নং ১৫১৮), নাসাঈ "আমলুল ইয়াউম ওয়াল লাইলাহ" গ্রন্থে, হাকিম (৪/২৬২), ইমাম আহমাদ (১/২৪৮), ইবনুস সুন্নী (৩৫৮), আবু মুহাম্মাদ আল-হাসান ইবনু মুহাম্মাদ "আহাদীছ মুনতাকাত" (২/১৪৫) গ্রন্থে এবং বাইহাকী (৩/৩১৫) বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীছটির সনদ দুর্বল। কারণ হাকাম ইবনু মুসআব মাজহুল যেমনটি হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেন। "আত-তাজ" গ্রন্থের লেখক যে বলেছেনঃ সনদটি সহীহ, কথাটি সঠিক না। হাকিম যে বলেছেনঃ সনদটি সহীহ! তার সমালোচনা করে হাফিয যাহাবী বলেছেনঃ আল-হাকামের মধ্যে জাহালাত রয়েছে। যেমনটি তিনি “আল-মুহাযযাব” (কাফ ২/১৬৮) গ্রন্থে বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71584>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন